3 Yr. Degree/4 Yr. Honours 2nd Semester Examination, 2026 (CCFUP)

Subject : Bengali

Course: BENG2011 (MAJOR)

(বাংলা সাহিত্যের ইতিহাস : প্রাচীন ও মধ্যযুগ)

সময় : ৩ ঘণ্টা **পূর্ণমান : ৬০**

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) চর্যার পুঁথি কে কত খ্রিস্টাব্দে আবিষ্কার করেন?

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি গ্রন্থাকারে কবে প্রকাশিত হয়? গ্রন্থটির ভূমিকা কে লিখেছিলেন?

(গ) জ্ঞানদাস কোন শতকের কবি? তিনি কোন পর্যায়ের পদ রচনার জন্য বিখ্যাত?

(ঘ) 'অভিনব জয়দেব' নামে কোন কবিকে ভূষিত করা হয়? তিনি কোন রাজসভার সভাকবি ছিলেন?

(ঙ) বিজয় গুপ্ত কোন শতকের কবি? তাঁর রচিত মনসামঙ্গল কাব্যটির নাম লেখো।

(চ) বাংলা সাহিত্যে সাল-তারিখ চিহ্নিত প্রথম কাব্যটির নাম লেখো। কাব্যটির রচয়িতা কে?

(ছ) লাউসেন কোন কাব্যের চরিত্র? এই কাব্যের আরাধ্য দেবতার নাম লেখো।

(জ) কবি কৃত্তিবাস রচিত কাব্যটির নাম কী? কাব্যটির প্রথম কাণ্ডের নাম লেখো।

(ঝ) রামেশ্বর ভট্টাচার্য রচিত কাব্যের নাম কী? ওই কাব্যের প্রধান চরিত্রের নাম লেখো।

(ঞ) লোচন দাসের 'চৈতন্যমঙ্গল' কাব্যের কটি খণ্ড ও কী কী?

(ট) কোন কবির, কোন কাব্য অবলম্বনে আলাওল 'পদ্মাবতী' কাব্য রচনা করেন?

(ঠ) শাক্ত পদাবলি বলতে কী বোঝো?

(ড) নাথ সাহিত্যের দুটি ধারার উল্লেখ করো।

(ঢ) 'ময়মনসিংহ গীতিকা'-র যে-কোনো দুটি পালার নাম লেখো।

(ণ) বাউল গান কী?

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির ঐতিহাসিক গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো।

(খ) বৈষ্ণব পদকর্তা হিসেবে চণ্ডীদাসের কৃতিত্বের পরিচয় দাও।

(গ) আরাকান রাজসভার প্রণয় কাব্যের কবিরূপে সৈয়দ আলাওলের কবিপ্রতিভার পরিচয় দাও।

(ঘ) 'ময়মনসিংহ গীতিকা'-র যে-কোনো একটি পালার কাহিনির পরিচয় দাও।

(ঙ) 'মনসামঙ্গল' কাব্যের কবি হিসেবে ক্ষেমানন্দের কৃতিত্বের পরিচয় দাও।

(চ) বাউল গানের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) চৈতন্যজীবনী সাহিত্যে কৃষ্ণদাস কবিরাজের অবদান আলোচনা করো।

(খ) চণ্ডীমঙ্গল কাব্য রচনায় মুকুন্দ চক্রবর্তীর কবিপ্রতিভার পরিচয় দাও।

(গ) অনুসারী সাহিত্য রচনায় মহাভারতকার কাশীরাম দাসের কৃতিত্বের পরিচয় দাও।

(ঘ) শাক্ত পদকর্তা হিসেবে রামপ্রসাদ সেনের কবিপ্রতিভার মূল্যায়ন করো।
